RBI/2015-16/409

DCBR.BPD.Cir.No.17/16.74.000/2015-16 জৈষ্ঠ্য 5, 1938 (saka)

মে 26, 2016

মুখ্য নির্বাহী আধিকারিক

সকল প্রাথমিক(শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্ক,

রাজ্য/কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক,

মাননীয় মহাশয়া/মহাশয়,

**স্বনির্ভর গোষ্ঠী গুলির (সেলফ হেল্প গ্রুপ) সদস্যদের বিষয়ে আস্থা জ্ঞাপক তথ্য (ক্রেডিট ইনফর্মেশন) প্রদান**

অনুগ্রহ করে আমাদের **জুলাই 15, 2014 তারিখাঙ্কিত সারকুলার UBD.CO.BPD.PCB.Cir.No.4/16.74.000/2014-15** এবং **RPCD.RRB.RCB. BC.No.13/03.05.33/2014-15-**এর সংযোজনী II/III-এর অনুচ্ছেদ (v)-এর ভিতর অন্তর্ভুক্ত নির্দেশবিধি দেখুন যেখানে ইউসিবি এবং স্টেটসিবি/ডিসিসিবি-দের স্বনির্ভর গোষ্ঠীগুলির (এসএইচজি) সদস্য স্তর সম্পর্কিত ডেটা সারকুলারটির তারিখের ছয় মাসের মধ্যে জানাতে বলা হয়েছে।

2. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক(আরবিআই) কর্তৃক প্রদত্ত উপরোক্ত আদেশবিধির রূপায়ন সম্পর্কে পর্যালোচনা করার পর প্রকাশ হয়েছে যে ব্যাঙ্কগুলি এই বিষয়ে তাৎপর্যরূপে অগ্রসরমান অবস্থায় পৌঁছায়নি। ব্যাঙ্কগুলি এই আদেশবিধিগুলি রূপায়িত করার বিষয়ে কতগুলি প্রতিবন্ধকতার দিকে অঙ্গুলিনির্দেশ করেছে এবং এদের কার্যপরিধি(স্কোপ)নিয়ে অধিকতর স্বচ্ছতার কথা বলেছে। ফলস্বরূপ, আরবিআই, রূপায়নকার্যে সম্মুখীন হওয়া প্রতিবন্ধকতা এবং সেগুলির মোকাবিলা করতে প্রয়োজনীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ দিতে আরবিআই-এর ভিতর থেকে, নাবার্ড এবং ক্রেডিট ইনফরমেশন কোম্পানি(সিআইসি) থেকে সদস্য নিয়ে একটি ওয়র্কিং গ্রুপ গঠন করেছে।

3. যত শীঘ্র সম্ভব আর্থিক অন্তর্ভুক্তি, ব্যাঙ্ক ও মাইক্রো ফিন্যান্স প্রতিষ্ঠান(এমএফআই)-এর ঋণ সংক্রান্ত সিদ্ধান্তগ্রহণ, এসএইচজি ঋণ পোর্টফোলিও-র ঋণ-গুণমান নির্ণয় করা - এগুলির জন্য এসএইচজি-র সদস্যদের বিষয়ে আস্থা জ্ঞাপক তথ্য জানানোর গুরুত্বকে বিশেষ বন্ধনীভুক্ত(আন্ডারস্কোর) করে ওয়র্কিং গ্রুপ এসএইচজি-র সদস্যদের সম্পর্কে আস্থা জ্ঞাপক তথ্য জানানোর ব্যবস্থা (ক্রেডিট ইনফরমেশন রিপোর্টিং) গড়ে তোলার উপর বিশেষ জোর দিয়েছে। যাইহোক, ডেটার গুণমান সম্পর্কে আপোষ না করার

জন্য আরবিআই-এর আদেশবিধি রূপায়নের বিষয়ে উক্ত গ্রুপ নিম্নলিখিত পর্যায়ভিত্তিক পদক্ষেপ গ্রহণের পরামর্শ দিয়েছে৷ সারকুলারটি, রূপায়ন সংক্রান্ত প্রয়োজনীয় বিষয়গুলি সম্পাদনের জন্য প্রথমে দুটি পর্যায় ধার্য করেছে৷

## II. আস্থাজ্ঞাপক তথ্য সংগ্রহ করা এবং তা জানানোর কাঠামো

4. নিম্নলিখিত কাঠামো অনুসারে ব্যাঙ্ক এসএইচজি-র সদস্য সম্পর্কে আস্থাজ্ঞাপক তথ্য সংগ্রহ করবে এবং সিআইসি-কে প্রদান করবে

| | | |
|---|---|---|
| 1 | ব্যাঙ্ক কর্তৃক সেইসব একক এসএইচজি সদস্য যাঁরা 30,000/- টাকার অধিক কোনও রাশির ঋণের সাথে জড়িত অথবা যাঁরা এরকম রাশির ঋণ নেবে, তাঁদের সম্পর্কে আলাদা আলাদাভাবে সংগৃহিত তথ্য | টেবিল 1 |
| 2 | ব্যাঙ্ক কর্তৃক সেইসব একক এসএইচজি সদস্য যাঁরা 30,000/- টাকা পর্যন্ত কোনও রাশির ঋণের সাথে জড়িত অথবা যাঁরা এরকম রাশির ঋণ নেবে, তাঁদের সম্পর্কে আলাদা আলাদাভাবে সংগৃহিত তথ্য | টেবিল 2 |
| 3 | সকল একক এসএইচজি সদস্য সম্পর্কে তথ্য যা ব্যাঙ্ক সিআইসি-কে প্রদান করবে | টেবিল 3 |
| 4 | এসএইচজি-র নতুন সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার সময় ব্যাঙ্ক আলাদা আলদা করে একক এসএইচজি সদস্য সম্পর্কে যে তথ্য সংগ্রহ করবে | টেবিল 4 |

5. ডেটা টেবিল **সংলগ্ন** অংশে প্রদত্ত আছে৷ প্রাগোক্ত উপায়ে ব্যাঙ্ক, টেবিল 1 এবং 2 –তে সকল এসএইচজি সদস্যের থেকে তথ্য সংগ্রহ করবে এবং টেবিল 3-এ যেভাবে বলা আছে সেভাবে সদস্যদের সম্পর্কে সিআইসি-কে জানাবে৷ নিম্নলিখিত ভাবনাগুলিকে মাথায় রেখে টেবিলগুলির পরিকল্পনা করা হয়েছে:

(i) এসএইচজি সদস্যগণ এবং তৎসহ সেইসব এসএইচজি গোষ্ঠী যার সঙ্গে এই সদস্যগণ পূর্বে যুক্ত ছিল- তারা যে কর্মকান্ডের মাধ্যমে নিজেদেরকে আর্থিকভাবে প্রকাশ করেছে তার সম্পর্কে কিছু তথ্য থাকবে (টেবিল 1 এবং 2 –এর আইটেম নম্বর 17)। এর উদ্দেশ্য হল ব্যাঙ্ককে তথ্যসম্বলিতরূপে ঋণ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা৷ ব্যাঙ্কসমূহ এইসব তথ্য, এসএইচজি সদস্যদের দ্বারা প্রদত্ত তথ্যকে সূত্র হিসাবে ধরে সিআইসি থেকে সরাসরি সংগ্রহ করে নিতে পারবে৷ একারণে ব্যাঙ্কের, এই তথ্য টেবিল 3 অনুসারে সিআইসি-কে তথ্যপ্রদান সংক্রান্ত ডেটাসেট-এর অন্তর্ভুক্ত করার প্রয়োজন হবে না৷

(ii) দুই পর্যায় ধরে প্রয়োজনীয় তথ্যগ্রহণ চলবে। প্রথম পর্যায়টি 1লা জুলাই 2016 তারিখে শুরু হবে এবং এক বছর ধরে চলবে। ঋণ-সংক্রান্ত তথ্য সংগ্রহের গভীরতা পর্যায় II-তে বৃদ্ধি পাবে যা 1লা জুলাই 2017 থেকে রূপায়িত হবে। পর্যায় II-এর মেয়াদকালে করা সংযোজন/সংশোধন সেভাবে প্রযোজ্য হবে যেভাবে টেবিল 1 এবং 2 –এর শেষ সারনিতে (কলাম) উল্লেখিত আছে।

(iii) এসএইচজি সদস্যদের বিষয়ে তথ্য সংগ্রহ এবং প্রদান সেইসব এসএইচজি-র সদস্যদের ব্যাপারেই সীমাবদ্ধ থাকবে যাদের দ্বারা গৃহিত ব্যাঙ্কঋণ 1,00,000/- টাকার অধিক হবে। যদিও, গোষ্ঠী হিসাবে গৃহিত ঋণরাশির পরিমাণ নিরপেক্ষে সবকটি এসএইচজি-র সদস্যকেই ঋণের সঙ্গে জড়িত নয় এরকম তথ্য(ঋণ ব্যতীত তথ্য) ঐ সময়ে সে যে এসএইচজি-তে নিয়োজিত থাকবে তার মাধ্যমে ব্যাঙ্ককে জানাতে হবে যখন এসএইচজি টি ব্যাঙ্কের কাছ থেকে ঋণ গ্রহণের আগ্রহ প্রকাশ করবে।

(iv) উপরোক্ত (iii) এর সাপেক্ষে, এসএইচজি সদস্য, যাঁর অংশিদারী এসএইচজি ঋণের মধ্যে 30,000 টাকা বা তার বেশী সেরকম সদস্যের বিষয়ে ঋণ সম্পর্কিত তথ্য তাঁদের তুলনায় বেশী বিস্তারিতভাবে থাকবে যাঁদের ক্ষেত্রে এই রাশিমান 30,000 টাকা পর্যন্ত। এই পার্থক্যটা কমানো হবে যদিও সম্পূর্ণরূপে অবলুপ্ত করা হবে না, যেহেতু পরের শ্রেণীর ক্ষেত্রে কিছু বিবরণ পর্যায় II-তেও যোগ করা হয়েছে।

(v) ঋণ ব্যতীত তথ্যাদির মধ্যে থেকে প্রয়োজনীয় বলে সংগ্রহ করার পরিকল্পনা সেই পরিপ্রেক্ষিত থেকে করা হয়েছে যাতে সেই তথ্যগুলির দ্বারা আলাদা আলাদা করে একক ঋণগ্রহীতাদের সনাক্তকরণ সম্ভব হয় এবং সেইসঙ্গে ব্যাঙ্ক, রেগুলেটরি এবং গভর্নমেন্ট ডেভেলপমেন্ট এজেন্সিগুলির দ্বারা এসএইচজি সদস্যদের বিভিন্ন উপাংশদেরকে(সাব-সেগমেন্ট) পৌঁছে দেওয়া ঋণপ্রবাহের পরিমাণ নিরূপন করার উদ্দেশ্য সাধন হয় এবং উপাংশসমূহের আর্থসামাজিক রূপের দিকে খেয়াল রেখে একটি সুউপযোগী ভেদক্ষমতা সম্পন্ন ঋণপ্রদান কৌশল স্থির করা যায়। ব্যাঙ্কসমূহ তথ্যগুলি সিআইসি-কে সেরকম উপায়ে জানাবে যাতে সিআইসি একটা নির্দিষ্ট এসএইচজি-র সাথে জড়িত সকল সদস্যদের সনাক্ত করতে পারে এবং একজন নির্দিষ্ট ব্যক্তিকে সকল এসএইচজি-তে সনাক্ত করা সম্ভব হয় যেগুলির সাথে তিনি যুক্ত আছেন/ছিলেন।

6. ব্যাঙ্কসমূহকে সিস্টেম সফটঅয়ারে দরকারি পরিবর্তন করা সহ প্রয়োজনীয় প্রকরণ (সিস্টেম) এবং পদ্ধতি স্থাপন করতে হবে যাতে 1 জুলাই 2016 (পর্যায় I) এবং 1 জুলাই 2017 (পর্যায় II) তারিখ থেকে এসএইচজি সদস্যদের থেকে তথ্য সংগ্রহ করা যায় এবং বাঞ্ছনীয় তথ্যাদি সিআইসি-কে জানানো যায়।

7. ব্যাঙ্কসমূহ তাদের নিজস্ব বিবেচনার ভিত্তিতে এসএইচজি সদ্যস্তরের ডেটা সংগ্রহ এবং পেশ(রিপোর্টিং)-এর কাজ হয় নিজেরাই করবে অথবা আউটসোর্সিং পদ্ধতিতে অন্য কোনও সংস্থার মাধ্যমে করবে। যদিও,

আউটসোর্সিং-এর ক্ষেত্রে ব্যাঙ্কসমূহ সময়ে সময়ে সংশোধিত **নভেম্বর 3, 2006 তারিখাঙ্কিত DBR circular No.BP.40/21.04.158/2006-07** -এর দ্বারা নির্ধারিত যাবতীয় সাধারণ নির্দেশবিধি যথাপ্রযোজ্যরূপে অনুসরণ করবে এবং আউটসোর্স করা সংস্থার দ্বারা সিআইসি-কে পেশ করা ডেটার শুদ্ধতার জন্য চিরদায়বদ্ধ থাকবে৷ ব্যাঙ্কসমূহ যে সংস্থার মাধ্যমেই আউটসোর্স করুক, পেশ করার ডেটার বিশুদ্ধতা নিশ্চিত করতে আবশ্যিকভাবে যথোপযুক্ত নিয়ন্ত্রণ আরোপ করবে৷

8. যদি এখনও না করে থাকে তবে অবিলম্বে ব্যাঙ্কসমূহ ধারাবাহিক ভিত্তিতে এসএইচজি উপাংশে এনপিএ স্তরের দিকে নজর রাখবে এবং সেইসব এসএইচজি সদস্য যাঁরা 20,000 টাকার নিম্নসীমার অধিক ঋণরাশি গ্রহণ করেছেন তাঁদের থেকে বিস্তারিত তথ্য সংগ্রহ করবে, যদি এসএইচজি উপাংশে মোট এনপিএ-র পরিমান 10%-র বেশী হয় অথবা যদি তা ব্যাঙ্কের মোট এনপিএ-র চেয়ে 5 শতাংশ বিন্দু উপরে থাকে৷

9. শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক দ্বারা উপরোক্ত নির্দেশবিধিগুলি অনুপালনে গাফিলতি ঘটার ফল হবে- যে এসএইচজি ঋণ অ্যাকাউন্টগুলিতে অনুপালনে গাফিলতি ঘটবে সেগুলি অগ্রাধিকার ক্ষেত্রে ঋণ লক্ষ্যমাত্রা পূরণ করার উদ্দেশ্যে যোগ্য হিসাবে ধার্য ঋণ পোর্টফোলিও থেকে বাদ পড়বে৷ ঋণের ক্ষেত্রে কোনটি পিএসএল সুবিধার জন্য যোগ্যতামান অর্জন করবে তা প্রত্যেক পর্যায়ের শেষে নির্ণয় করা হবে, যার ভিত্তি হবে ঐ পর্যায়ে প্রযোজ্য ঋণ-সম্পর্কিত অথবা ঋণ-ব্যতীত (নন-ক্রেডিট) তথ্যাদি সংক্রান্ত প্রয়োজনীয়তা অনুপালনের পর্যালোচনা৷

### III. প্রয়োগ সংক্রান্ত অন্যান্য নির্দেশিবিধি

10. এই পর্যায়ে, কেবলমাত্র সেইসব ঋণ সুবিধা সংক্রান্ত বিবরণ সংগ্রহ করার লক্ষ্য স্থির করা হয় যেগুলি এসএইচজি সদস্যগণ ব্যাঙ্কসমূহ এবং এমএফআই থেকে সংগ্রহ করে থাকেন। সেই কারণে, এসএইচজি সদস্যদের নিজেদের মধ্যে নিজেদের সঞ্চয় থেকে ধারদেনা আদান প্রদান সংক্রান্ত কোনও তথ্য এর ব্যাপ্তির মধ্যে আসবে না৷ যদিও, একজন এসএইচজি সদস্য সামগ্রিকভাবে কতটা দেনাগ্রস্থ সেটা জানতে গেলে,এসএইচজি-তে নিজেদের মধ্যে ধারদেনা আদানপ্রদানের কারণে তাঁদের উপর বিনিয়োজিত রাশি( এক্সপোজার) –এর পরিমানও জানা প্রয়োজন৷ একজন এসএইচজি সদস্যের বিষয়ে তথ্যের গুণমান উন্নত করার ধারাবাহিক প্রয়াসের অংশ হিসাবে, পর্যায় II-তে সুস্থিতকরণ (স্টেবিলাইজেশন) পর্বের পরে নিজেদের মধ্যে ধারদেনা আদানপ্রদানের চিত্রটি পরিষ্কারভাবে বোঝার প্রয়োজনীয়তার বিষয়টি পর্যালোচনা করা হবে বলে স্থিরিকৃত হয়েছে৷

11. ব্যাঙ্কসমূহের থেকে যে ঋণরাশি এসএইচজি-গুলিকে দেওয়া হয় তার ভিতর থেকে আলাদা আলাদাভাবে একক ঋণগুলির পরিস্থিতি(পারফরম্যান্স)-এর রিপোর্টিং এবং সেগুলির উপর নজর রাখার

প্রতিবন্ধকতার তাৎপর্য বিচার করে, ঋণ রিপোর্টিং ব্যবস্থাকে(ক্রেডিট রিপোর্টিং সিস্টেম) ঋণের মূল্যপরিশোধ বা তার আদায়(রিকভারি) অবধি বর্ধিত করা হয় না। যদিও, এটির কথাও পর্যায় II বাস্তবায়িত হওয়ার পর বিবেচনা করা হবে।

12. ভবিষ্যতের এসএইজি সদস্য-ঋণগ্রহিতাদের বিষয়ে যথোপযুক্ত তথ্য বুনিয়াদ গড়ে তুলতে এবং যখন এসএইচজি গুলি ঋণ-সম্পর্কযুক্ত(ক্রেডিট-লিঙ্কড) হয় তখন এসএইচজি সদস্যদের কেওয়াইসি অনুপালনের সঙ্গে সংশ্লিষ্টঁ তথ্যগুলি সংগ্রহ এবং প্রদানের প্রক্রিয়াকে ত্বরান্বিত করতে, ব্যাঙ্কগুলিকে এসএইচজি সদস্যদের জন্য স্মল অ্যাকাউন্ট/ বেসিক সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার প্রস্তাব দিতে উৎসাহিত করা হচ্ছে, যখন এসএইচজি গুলি তাদের কাছে সেভিংস অ্যাকাউন্ট খোলার জন্য আসছে। যেক্ষেত্রে এসএইচজি সদস্যগণ এইরূপ অ্যাকাউন্ট খুলতে সম্মত হবে সেক্ষেত্রে, টেবিল 4 –এর তথ্যাবলী সংগ্রহ করতে হবে এবং খতিয়ানভুক্ত করতে হবে সেই সময়ের কথা মাথায় রেখে যখন এসএইচজি টি ব্যাঙ্কের কাছে ঋণ নিতে আসবে। যদিও, এটিকে সেভিংস অ্যাকাউন্ট খোলার পূর্বশর্ত হিসাবে ধার্য করা যাবে না।

13. এই সারকুলারে যে বিষয়গুলি প্রয়োজনীয় বলে নির্ধারিত হয়েছে তার কোনওটিকে এসএইচজি-গুলিকে ঋণ প্রদানের পূর্বশর্ত হিসাবে স্থির করা যাবে না, যদিও ব্যাঙ্কসমূহকে আন্তরিক প্রচেষ্টা করতে হবে যাতে এই প্রয়োজনীয়তাগুলির অনুপালন করা যায়।

14. ব্যাঙ্কসমূহ, এসএইচজি-গুলিকে উৎসাহিত করবে যাতে তারা ব্যাঙ্ক ঋণ হিসাবে প্রাপ্ত রাশির মধ্যে থেকে (এসএইজি-দের জন্য নাবার্ডের ডিজিটাইজেশন যোজনা সহ) যে পরিমাণটিকে তাদের সদস্যদের মধ্যে যে ঋণরাশি হিসাবে বন্টন করবে তার ব্যাপারে যেন লিখিত খতিয়ান রাখে, যথাপ্রযোজ্যরূপে, এবং এই বিষয়ে যথাবিহিত উৎসাহমূলক সুবিধা (ইনসেন্টিভ) দেওয়ার ব্যবস্থা চালু করার কথা বিবেচনা করবে।

15. ব্যাঙ্কসমূহ, সেইসব এসএইচজি/এসএইচজি সদস্য যাদের সম্পর্কে সিআইসি-র কাছ থেকে ঋণখেলাপির খবর পাবে তাদের ঋণসুবিধা প্রদানের ব্যাপারে প্রাপ্ত আবেদনগুলি বিচার করার সময় যথোপযুক্ত নীতি গড়ে করবে। এই বিষয়ে খেয়াল রাখতে হবে যেন কেবলমাত্র এরকম ঋণখেলাপির কারণে এসএইচজি/একক সদস্যদের ঋণপ্রাপ্তি অস্বীকৃত না হয় এবং ব্যাঙ্কসমূহ, সদস্যদের নিজেদের ঋণ ইতিহাসের (ক্রেডিট হিস্ট্রি) মূল্যায়ণ করবে এবং তাদের আর্থিক কর্মকান্ড/ সমূহের আর্থিক যৌক্তিকতা এবং গোষ্ঠীগুলির পক্ষে প্রস্তাবিত ঋণগুলিকে চালানোর ক্ষমতা ঋণ আবেদন বিচার করার সময় হিসাবে রাখবে।

16. ক্রেডিট ইনফর্মেশন কোম্পানিজ (রেগুলেশন) অ্যাক্ট, 2005 এবং আরবিআই-এর উপস্থিত বিশেষ নিয়ন্ত্রণবিধি (ডিরেকশন), যা ব্যাঙ্ক/এমএফআই-এর দ্বারা ঋণ সংক্রান্ত তথ্য জানানোর জন্য প্রযোজ্য, তার অনুসরণে একক এসএইচজি সদস্য সম্পর্কে তথ্য সংগ্রহ, জানানো এবং প্রচার করতে হবে৷

## IV. সিআইসি সমূহের প্রতি নির্দিষ্ট নির্দেশবিধি

17. সিআইসি সমূহ, উপরোক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধিগুলি উপরোক্ত সময়সীমা অনুসারে রূপায়িত করতে তাদের প্রকরণ এবং পদ্ধতিতে প্রয়োজনীয় পরিবর্তন করবে৷

18. সিআইসি সমূহ তাদের বোর্ডের সম্মতিক্রমে নীতি প্রনয়ন করবে যাতে এসএইচজি এবং এসএইচজি সদস্যদের সঙ্গে সম্পর্কিত ঋণ সংক্রান্ত তথ্য সমষ্টিকৃতভাবে নিয়ে সরকারি সংস্থা, নাবার্ড, ব্যাঙ্ক এবং এমএফআই গুলির সাথে ঋণ পরিকল্পনা এবং গবেষণার উদ্দেশ্যে আদানপ্রদান করা যায়৷ এসএইচজি অংশের সুবিধার্থে কোনও গবেষণাকার্য হাতে নেওয়া হলে তার জন্য সিআইসি গুলি তাদের বোর্ড সম্মত নীতি অনুসারে, অপর কোনও পক্ষের সাথেও সমষ্টিকৃত তথ্য আদানপ্রদান করতে পারবে৷ সমষ্টিকৃত তথ্য এমন উপায়ে আদান প্রদান করা হবে যেন তা বিভেদহীণ হয় এবং আলাদা আলাদাভাবে এক একটি এসএইচজি গোষ্ঠী এবং  সদস্যদের গোপনীয়তাকে সম্মান করে যেমনভাবে দেশের সংশ্লিষ্ট আইন দ্বারা নির্ধারণ করা আছে৷

আপনাদিগের বিশ্বস্ত

(সুমা ভার্মা)
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক
সংযোজনী: সংলগ্নক